

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মূল্যায়ন ও পরিবীক্ষণ অনুবিভাগের কার্যক্রমের বাস্তবায়ন ও অগ্রগতি বিষয়ক মতবিনিময় সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ শাহ আলম
যুগ্মসচিব
পরিচালক (মূল্যায়ন ও পরিবীক্ষণ)
সভার স্থান: পরিচালক (মুওপ) এর কক্ষ।
তারিখ : ০৯-১১-২০২৩ খ্রি.
সময় : সকাল-১১.০০ টা।
হাজিরা : পরিশিষ্ট-ক।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মূল্যায়ন ও পরিবীক্ষণ অনুবিভাগ একটি গুরুত্বপূর্ণ বিভাগ। এ অনুবিভাগের সার্বিক কার্যক্রমের সফলতার উপর দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সুনাম জড়িত। তাই আমাদেরকে এ বিভাগের চার্টার অব ডিউটিজ সঠিকভাবে বুঝতে হবে এবং সে অনুযায়ী কাজ করতে হবে। এ প্রসঙ্গে অত্র বিভাগের অতিরিক্ত দায়িত্ব প্রাপ্ত উপপরিচালক জনাব মো: ইউনুস আলী, (সিনিয়র সহকারী সচিব), জনাব মো: রবিউল ইসলাম (সহকারী প্রকৌশলী), জনাব মো: রমজান আলী (সহকারী পরিচালক) ও জনাব শাহ আলম (সহকারী পরিচালক) কে এ অনুবিভাগের চার্টার অব ডিউটিজ অনুযায়ী কার্যক্রমের বিস্তারিত বর্ণনা প্রদান করার আহ্বান জানান। এছাড়া বর্তমানে এ অনুবিভাগের কার্যক্রমের অগ্রগতি ও বাস্তবায়ন সম্পর্কিত তথ্য প্রদান করার কথাও বলেন। বিস্তারিত আলোচনান্তে এ অনুবিভাগের চার্টার অব ডিউটিজ অনুযায়ী কার্যক্রম নিম্নে উল্লিখিত সময়াবদ্ধ কর্মপরিকল্পনার মাধ্যমে সম্পাদন করতে হবে বলে সভাকে অবহিত করা হয়।

১.০ কাবিখা, কাবিটা ও টিআরসহ সকল উন্নয়ন প্রকল্পের কাজ প্রতি বছর অধিদপ্তরের অনুবিভাগের কর্মকর্তাদের সমন্বয়ে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন মোতাবেক নিম্নবর্ণিত তারিখে ৩ টি আদেশ জারী হয়। যা নিম্নরূপ:

ক) প্রাক-জরিপ: ২০.১০ হতে ৩০.১১ এর মধ্যে সম্পন্ন করতে হয়।

খ) পরিবীক্ষণ: ২৭.০২ হতে ৩০.০৬ এর মধ্যে সম্পন্ন করতে হয়।

গ) কর্মোত্তর জরিপ: ২৯.০৬ হতে ৩০.০৯ এর মধ্যে সম্পন্ন করতে হয়।

২.০ প্রাক জরিপ, পরিবীক্ষণ ও কর্মোত্তর জরিপের হাল নাগাদ ছক করা আছে। প্রয়োজনে আরও হাল নাগাদ করা যেতে পারে।

৩.০ তথ্য সংগ্রহের জন্য শাখাওয়ারী বিভাগ ভাগ করা আছে। যথা:

১। মুওপ-১ শাখা চট্টগ্রাম বিভাগ।

২। মুওপ-২ শাখা রাজশাহী ও রংপুর বিভাগ

৩। মুওপ -৩ শাখা ঢাকা, ময়মনসিংহ, বরিশাল বিভাগ

৪। মুওপ-৪ শাখা খুলনা ও সিলেট বিভাগ।

৪.০ অব্যয়িত অর্থ আদায় সংক্রান্ত :

শাখা হতে তথ্য সংগ্রহপূর্বক অব্যয়িত অর্থ আদায়ের উদ্যোগ গ্রহণ করতে হবে।

৫.০ চার্টার অব ডিউটিজ উল্লেখিত বিভিন্ন সংবাদপত্রে প্রকাশিত / প্রাপ্ত অভিযোগের বিষয়ে তদন্ত সংক্রান্ত কার্যক্রম মহাপরিচালক মহোদয়ের পরামর্শক্রমে এ অনুবিভাগের মাধ্যমে সম্পন্ন করতে হবে। এমনকি বিভাগ, জেলা, উপজেলাসহ মাঠ পর্যায়ের সকল অভিযোগের তদন্ত এ অনুবিভাগের মাধ্যমে মহাপরিচালক মহোদয় কর্তৃক মনোনীত কর্মকর্তাগণের মাধ্যমে তদন্ত কার্যক্রম করে প্রতিবেদন দাখিল যথাসময়ে জমাদানের উপর গুরুত্বারোপ করা হয়।


৬.০ মুওপ অনুবিভাগের সকল পেন্ডিং কার্যক্রমের হিসাব সপ্তাহের শেষ কর্মদিবসে পরিচালক মহোদয়কে অবহিত করতে হবে।

৭.০ সকল কর্মকর্তাগণকে নীতি, নৈতিকতা, সততা ও আন্তরিকতার সাথে কাজ করার উপর গুরুত্বারোপ করা হয়।

৮.০ ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন খসড়া প্রস্তুত করা হয়েছে যা প্রকাশের কাজ চূড়ান্ত পর্যায়ে আছে।

সভাপতি এ বিভাগের কার্যক্রমে গতিশীলতা, স্বচ্ছতা ও জবাবদিহিতার উপর গুরুত্বারোপ করে সবাইকে আন্তরিকতার সাথে কাজ করার আহ্বান জানান।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ শাহ আলম)

যুগ্ম-সচিব

পরিচালক (মুওপ)


ফোন: ০২-২২২২৬০৫২৩

স্মারক নং- ৫১.০১.০০০০.০২১.০৬.০২৩.২৩.১১০

তারিখ: ০৯.১১.২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পরিচালক/ প্রকল্প পরিচালক (সকল), , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক,(সকল)।
- ৪। উপপরিচালক/ উপপ্রকল্প পরিচালক (সকল)....., দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৫। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা,.....(সকল)।
- ৬। নির্বাহী প্রকৌশলী (কাবিখা/মুওপ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৭। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (কার্যবিবরণীটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। সহকারী পরিচালক/ সহকারী প্রকৌশলী (সকল)....., দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
- ১০। হিসাবরক্ষক/ উচ্চমান সহকারী (সকল), , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।



(মোঃ শাহ আলম)

যুগ্ম-সচিব

পরিচালক (মুওপ)

ফোন: ০২-২২২২৬০৫২৩

